# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ঢাকা পানি উন্নয়ন বিভাগ
ওয়াপদা ভবন (৪র্থ তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
☎ ০২-৭১২১১৪২
xen.dhaka2@bwdb.gov.bd

Office of the Executive Engineer
Dhaka Water Development Division
WAPDA Building (3rd Floor)
Motijheel C/A, Dhaka-1000.
☎ 02-7121142
Email : eedhaka2@gmail.com

স্মারক নং- ই-৫/৬৮ তারিখ: ০৭/০৭/২০২৫ খ্রিঃ

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার নতুন তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা পানি উন্নয়ন বিভাগ,বাপাউবো, ঢাকা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪ তারিখ: ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতিত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম সরবরাহ ও গ্রহন করা হবে না।

**ঠিকাদার/ সরবরাহকারী নতুন তালিকাভুক্তির আবেদনের তফসিল:**

| ক্রমিক নং | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তির ধরন। | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ। | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরনের শেষ তারিখ । | নতুন তালিকাভুক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ। |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি ( কার্য ) | ১৩/০৭/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি ( পণ্য ) | ১৩/০৭/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ |

**ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের তফসিল:**

| ক্রমিক নং | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের ধরন | নবায়নের আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ। | নবায়নের বিতরনের সর্বশেষ তারিখ। | নবায়নের আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ। |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি ( কার্য ) | ১৩/০৭/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি ( পণ্য ) | ১৩/০৭/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ | ১৪/০৮/২০২৫ খ্রিঃ |

### শর্তাবলী:

১. তালিকাভুক্তি নবায়ন/ নতুন তালিকাভুক্তির আবেদন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন ফরমের মূল্য ৫০০.০০(পাঁচশত) টাকার ১(এক) টি পে-অর্ডার উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র(র‍্যাক), বাপাউবো, ঢাকা বরাবর করত: আবেদন ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাক্কলনিকের নিকট জমা দিতে হবে। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বই জমা দিতে হবে।

২. ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/ নতুন তালিকাভুক্তির আবেদন চুড়ান্তভাবে গৃহিত হবে।

৩. ঠিকাদার নতুন তালিকাভুক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ১০.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সির ক্ষেত্রে বিজ্ঞপ্তিজারীর তারিখ হতে আবেদন গ্রহনের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহনযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।

৪. ঠিকাদার নতুন তালিকাভুক্তি/নবায়ন করার জন্য বৈধ ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।

৫. আবেদনের সাথে BIN Certificate প্রদান করতে হবে। VAT Certificate গ্রহন যোগ্য হবে না।

৬. আবেদনের সাথে ২০২৪-২০২৫ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। জুলাই/২০২৫ খ্রিঃ হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।

৭. আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং ৩(তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।

৮. বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০(তিন শত ) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

৯. নতুন ঠিকাদার তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তি ফি ৫০০০.০০( পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০( সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।

১০. ঠিকাদার নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি ২০০০.০০( দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০( তিনশত) টাকা প্রদান করতে হবে।

০৭/০৭/২৫
(এম এল সৈকত)
নির্বাহী প্রকৌশলী
ঢাকা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ঢাকা।
আইডি নং ৮৪০৪০৫০০১
৭/৭/২৫

পরবর্তী পাতা-২